গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮৮.২২.১৭৭০

তারিখ: ৫ পৌষ ১৪২৯
২০ ডিসেম্বর ২০২২

বিষয়: **রিট পিটিশন নং ১২৪৬০/২০২২-এর রুল ও আরজির আলোকে অন্তবর্তীকালীন আদেশ পালনসহ দফাওয়ারি জবাব, ঘটনার প্রকৃত বিবরণী এবং প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং ১২৪৬০/২০২২-এর ২৩/১০/২০২২ খ্রি. তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সিলেট জেলার বিশ্বনাথ পৌরসভা সাধারণ নির্বাচন, ২০২২-এ ০৪নং ওয়ার্ডের কাউন্সিলর পদপ্রার্থী জনাব মো. ফজল খান-এর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে এ বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ করাসহ মোট চার জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১২৪৬০/২০২২ রুজু করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে *প্রাইমা-ফেইসির* ভিত্তিতে তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ মোকদ্দমার ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, সিলেট।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১২৪৬০/২০২২ মোকদ্দমার রুল ও আরজির আলোকে অন্তবর্তীকালীন আদেশ পালনসহ নিম্নোক্ত কাগজপত্রের দুই সেট ইংরেজীতে প্রস্তুতপূর্বক সত্যায়িত করে জরুরিভিত্তিতে অনধিক ১৫(পনের) কার্য দিবসের মধ্যে এ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) দফাওয়ারি জবাব।
(খ) ঘটনার প্রকৃত বিবরণী।
(গ) স্থগিতাদেশের সার্টিফাইড কপি।
(ঘ) প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র।

সংযুক্তি: বর্ণনামতে........পাতা। (4842/potrojariAttachmentRef/37266/0/2240)


২০-১২-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব
ফোন: ৯৫৪০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮৮.২২.১৭৭০/১(৫)

তারিখ: ৫ পৌষ ১৪২৯
২০ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২০-১২-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব